



কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

ঝিলংজা, কক্সবাজার।



নিলাম বিজ্ঞপ্তি

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত মালামালসমূহ যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামের মাধ্যমে বিক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/এজেন্সীর নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা উল্লেখ পূর্বক স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	নিলামকৃত মালামালের বিবরণ	পরিমাণ কেজি/টি	ধার্যকৃত সর্বনিম্ন একক মূল্য (টাকা)	প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভূত মূল্য	
				একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	মিটার ১ ফেজ (এনালগ)	৫১১৭ টি	৫৫/-		
০২	মিটার ১ ফেজ ও ৩ ফেজ (ডিজিটাল)	৩৬২৪ টি	৩০/-		
০৩	এসপিভিডাব্লিউসি-১.৫	১১.৫ কেজি	৫০/-		
০৪	সোলার ব্যাটারি ১০০ এএম	০৭ টি	২০০০/-		
০৫	সোলার ব্যাটারি ৭০/১২ এএম	৬১ টি	২০০০/-		
০৬	সিটি, পিটি	১৫ টি	১০০/-		
০৭	স্ট্রিট লাইট	০৯ টি	১৫০/-		
০৮	হার্ডওয়্যার ও লৌহ জাতীয় মালামাল	১৯৩৮৪.৬৮ কেজি	২০/-		
কথায়ঃ				মোট=	

শর্তাবলী:

- ০১ আগ্রহী দরদাতাগণ আগামী ১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র অত্র পবিসের জেনারেল ম্যানেজার এর বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার (খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে হবে।
- ০২ নিলাম দরপত্র সমূহ আগামী ১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর ঝিলংজা, কক্সবাজার এবং পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় উপস্থিত নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩ সকল দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে প্রদত্ত দরের উপর ২.৫% আর্নেস্টম্যানি হিসাবে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৪ দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক বর্ণিত ০৮ টি আইটেমের প্রতিটি মালামালের দর পৃথক পৃথকভাবে উল্লেখ পূর্বক দর দাখিল করতে হবে। ধার্যকৃত একক মূল্য অপেক্ষা কম এবং আংশিক আইটেমের মালামালের দর বিবেচনা করা হবে না। অকৃতকার্য নিলাম দরদাতাদের আর্নেস্টম্যানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে। সকল আইটেমের উদ্ভূত দরদাতার মধ্যে সর্বোচ্চ এবং কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৫ নিলাম বিজ্ঞপ্তিতে উল্লেখিত সর্বনিম্ন প্রাক্কলিত দরের নিচে কোন দর বিবেচনা করা হবে না। খামের উপর “পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনভেনশনকৃত মালামাল এর নিলাম দরপত্র” কথাটি উল্লেখ করতে হবে।
- ০৬ কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭.৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এ পরিশোধ করা পূর্বক মালামাল বুঝে নিতে হবে। অন্যথায় বাতিলসহ নিলাম দরপত্রের সহিত প্রদত্ত আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত করা হবে।
- ০৭ সরকারি নিয়মানুযায়ী কৃতকার্য দরদাতাকে মালামাল গ্রহণের সময় উদ্ভূত দরের সহিত আলাদা ৭.৫% ভ্যাট ও ৫% উৎসে কর পরিশোধ করতে হবে। উল্লেখ্য যে, মালামাল গ্রহণের পূর্বে সরকার কর্তৃক ভ্যাট ও উৎসে করের হার পরিবর্তন হলে তা কৃতকার্য দরদাতার জন্য প্রযোজ্য হবে।
- ০৮ মালামালসমূহ আগামী ১৬/০৮/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে যোগাযোগ পূর্বক পরিদর্শন করা যাবে।
- ০৯ সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন অথবা সকল দরপত্র বা দরপত্রের অংশ বিশেষ গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি